

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ

এসএসসি পরীক্ষা-২০২১

দ্বিতীয় প্রস্তুতিমূলক মূল্যায়ন

বিষয়- কৃষি শিক্ষা

সময়- ৩ ঘণ্টা

পূর্ণমান - ১০০

(সৃজনশী প্রশ্ন : ৫×১০=৫০)

১. মিঠুন সাহেব তার জমিতে প্রতি বছর বিভিন্ন মৌসুমি ফসলের আবাদ করেন। কিন্তু ভূমিক্ষয়ের কারণে তার জমির ক্ষয় প্রতিরোধ এবং উর্বরতা বজায় রাখতে বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেন।
- ক. ভূমিক্ষয় কী? ১
- খ. ভূমিক্ষয়ের জন্য মানুষ দায়ী কেন? ২
- গ. মিঠুন সাহেবের জমির উদ্দীপকের সমস্যাটির কারণ বর্ণনা কর। ৩
- ঘ. উক্ত সমস্যা সমাধানে মিঠুন সাহেব কী ধরনের পদক্ষেপ গ্রহণ করতে পারেন তা বিশ্লেষণ কর। ৪
২. সাজ্জাদ তাদের বাড়ির সামনে পুকুরে মাছ চাষ করার সিদ্ধান্ত নিল। এজন্য সে পানির ভৌত গুণাগুণ পরীক্ষা করার ব্যবস্থা করলো। সর্বশেষ সে পুকুর মাছ চাষের উপযোগী করে তুলল।
- ক. আঁতুড় পুকুর কাকে বলে? ১
- খ. আদর্শ পুকুরের ২টি বৈশিষ্ট্য লিখ? ২
- গ. সাজ্জাদ কীভাবে পুকুর প্রস্তুত করল ব্যাখ্যা কর। ৩
- ঘ. সাজ্জাদের কর্মকাণ্ডের যথার্থতা নিরূপণ কর। ৪
৩. রাজশাহী এলাকার যুবক রাজিব বাবু জীবিকার প্রয়োজনে মালেশিয়ায় যায়, যাবার সময় সে তাঁর গৃহপালিত পশুগুলোকে প্রতিপালনে তাঁর স্ত্রীকে দিক নির্দেশনা দেন। রাজিব বাবু একদিন খবরে জানতে পারেন বাংলাদেশে তীব্র খরা চলছে। আর বন্যা তো প্রায় বছর লেগেই আছে। মানুষের কষ্টের

পাশাপাশি পশুপাখির বেঁচে থাকা প্রায় দুরূহ। তাই সে বাড়িতে চিঠি লিখে জানায় এখন পশুগুলোর জন্য তাঁর স্ত্রীর কী করণীয়। তিনি আরও পরামর্শ দেন, রাস্তা ও বাঁধের পার্শ্বে জরুরি ভিত্তিতে বর্ষার শুরুতেই ইপিল-ইপিল, বাবলা ও কাঁঠাল গাছের চারা যেন গ্রামের যুবকদের সহায়তায় লাগানো হয়।

- ক. অভিযোজন কাকে বলে? ১
- খ. জলবায়ু পরিবর্তনের সাথে পশুপাখির স্বাস্থ্য ঝুঁকির সম্পর্ক আছে কি-না? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্ধৃত পরিস্থিতিতে পশুগুলোর জন্য রাজিব বাবুর স্ত্রীর করণীয় ব্যাখ্যা কর। ৩
- ঘ. রাজিব বাবু গ্রামের যুবকদের সহায়তায় যে কর্মকাণ্ডের পরামর্শ প্রদান করেন তার যথার্থতা মূল্যায়ন কর। ৪
৪.
$$\frac{\text{নমুনা বীজের ওজন} - \text{নমুনা বীজ শুকানোর পর ওজন}}{\text{নমুনা বীজের ওজন}} \times 100$$
- ক. নমুনা বীজ কী? ১
- খ. বীজের বিশুদ্ধতার হার নির্ণয় করা প্রয়োজন কেন? ২
- গ. উপর্যুক্ত সূত্র ব্যবহার করে কীভাবে বীজের আর্দ্রতা পরীক্ষা করা হয় ব্যাখ্যা কর। ৩
- ঘ. বীজ সংরক্ষণে উপর্যুক্ত সূত্রটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪
৫. রহমান সাহেবের গোলাপ বাগানে গাছের কচিপাতা ও ফুলের পাপড়ি ছিদ্র করে খাওয়া এবং গাছের বাকলে ছোট ছোট কাল দাগ দেখা যায়। পরে তিনি উপজেলা কৃষি কর্মকর্তার পরামর্শে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।
- ক. গোলাপের বংশ বিস্তার পদ্ধতি লিখ? ১
- খ. গোলাপ গাছের ডালপালা ছাঁটাইয়ের প্রয়োজনীয়তা কী? ২
- গ. উদ্দীপকে উল্লেখিত রহমান সাহেবের গোলাপ বাগানে সমস্যাগুলো চিহ্নিত করে কিভাবে সমাধান করা যায় তা ব্যাখ্যা কর। ৩

- ঘ. গোলাপ চাষে আত্মকর্মসংস্থান সম্ভব –কথাটি যথার্থতা মূল্যায়ন কর। ৪
৬. চিকিৎসক জামিল হোসেন ভেষজ উদ্ভিদের মাধ্যমে রোগের চিকিৎসা দিয়ে থাকেন। এজন্য তিনি তার বাগানে থানকুনি, তুলসী, বাসকসহ ত্রিফলা লাগাতেন। এসব উদ্ভিদের মাধ্যমে বিভিন্ন রোগের চিকিৎসা যেমন সহজলভ্য, সস্তা এবং তেমনই কোনো পার্শ্বপ্রতিক্রিয়া নেই।
- ক. ঔষধি উদ্ভিদ কী? ১
- খ. ঔষধি উদ্ভিদ দিন দিন কমে যাচ্ছে কেন? ২
- গ. জামিল হোসেন ত্রিফলার মাধ্যমে কীভাবে রোগের চিকিৎসা দিতেন –ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের শেষ লাইনটি বিশ্লেষণপূর্বক ভেষজ উদ্ভিদের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪
৭. সাদমান সাহেবের বাড়ির পাশে খোলামেলা জায়গায় একটি পতিত পুকুর ছিল। পুকুর পাড়ের সাথে কিছু ফাঁকা জায়গাও ছিল। কৃষি কর্মকর্তার পরামর্শমতে তার বাড়ির পাশের পুকুরটি এবং পাড়ের সাথেল ফাঁকা জায়গা কৃষি বনায়নের আওতায় আনেন। এতে করে সাদমান সাহেব ব্যাপক সফলতা লাভ করেন।
- ক. বনায়ন কাকে বলে? ১
- খ. কোন বনকে ম্যানগ্রোভ বন বলা হয় এবং কেন? ২
- গ. উদ্দীপকটি বনায়ন পদ্ধতির দিক বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকটিতে সাদমান সাহেবের সফলতার বিভিন্ন দিক বিশ্লেষণ কর। ৪

সংক্ষিপ্ত প্রশ্ন - ১×২৫=২৫

১. আলুর কোন রোগ ব্যাপক ক্ষতি করে?
২. বীজ উৎপাদনের সর্বমোট ধাপ কয়টি?
৩. কাফ স্টার্টার কী?
৪. FCR কী?
৫. মাটিতে জৈব পদার্থের পরিমাণ শতকরা কত?

৬. বাংলাদেশের কৃষি পরিবেশ অঞ্চল কয়টি?
 ৭. কৃষকের ভাষায় মাটি কী?
 ৮. ভূমিক্ষয়ের প্রধান কারণ কোনটি?
 ৯. মাছ চাষে পৃথিবীতে বাংলাদেশের স্থান কত?
 ১০. কোন পুকুরে ‘ধানিপোনা’ ছাড়া হয়?
 ১১. একটি গরুকে দৈনিক কি পরিমাণ শুকনা খড় দিতে হয়?
 ১২. সরকার ঘোষিত ইলিশ অভয়াশ্রম কতটি?
 ১৩. কত ঘন্টায় পশু বা পাখি দ্বারা গৃহীত খাদ্যকে রেশন বলে?
 ১৪. ব্রি-ধান ৪৭ জাতের জীবন কাল কত দিন?
 ১৫. গৌরব কী?
 ১৬. বাংলাদেশের তীব্র খরা হয় কোন জেলায়?
 ১৭. পরিবেশে কোন ধরনের প্রজাতির অবলুপ্তি ঘটে?
 ১৮. খরার কারণে কতভাগ ফসল ঘাটতি হয়ে থাকে?
 ১৯. BJRI কতটি তোষাপাট জাত উদ্ভাবন করেছে?
 ২০. মুক্তকেশি কীসের জাত?
 ২১. এ পর্যন্ত ধানের কতটি উফশী জাত উদ্ভাবন করেছে?
 ২২. প্যাকিং সাধারণত নির্ভর করে কিসের উপর?
 ২৩. কাশি নিরাময়ে অধিক ব্যবহৃত হয় কোন উদ্ভিদ?
 ২৪. দৌলত কোন ফসলের জাত?
 ২৫. বাংলাদেশে কত হেক্টর জমিতে কলাচাষ হয়?
- ** ব্যবহারিক: ২৫